অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/18/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল র‍্যালফ সি. উইলসন জুনিয়র ওয়েলকাম সেন্টারের উদ্বোধন উদযাপন করলেন এবং নায়াগ্রা ফলসে আরো বিনিয়োগের ঘোষণা করলেন

46 মিলিয়ন মার্কিন ডলারের অত্যাধুনিক ওয়েলকাম সেন্টার, প্লাজা নায়াগ্রা ফলস স্টেট পার্কে খুলে দেওয়া হচ্ছে যা বেড়াতে আসা মানুষের জন্য বিশাল আগমন স্থান প্রদান করবে

নায়াগ্রা আর্টস অ্যান্ড কালচারাল সেন্টার এবং ওকউড সেমেটারি উন্নয়নকাজের জন্য স্টেট তহবিল পাবে

গভর্নর ক্যাথি হোকল আজকে নায়াগ্রা ফলস স্টেট পার্কে (Niagara Falls State Park) র‍্যালফ সি. উইলসন জুনিয়র ওয়েলকাম সেন্টার (Ralph C. Wilson, Jr. Welcome Center) আনুষ্ঠানিক উদ্বোধন করতে নির্বাচিত এবং সম্প্রদায়ের নেতৃবৃন্দের সাথে যোগদান করেন। 46 মিলিয়ন মার্কিন ডলারের ফ্যাসিলিটিটি প্রতি বছর পার্কে বেড়াতে আসা কয়েক মিলিয়ন মানুষকে আধুনিক সুযোগসুবিধা প্রদান করবে এবং নায়াগ্রা ফলস এলাকায় বেড়াতে আসা মানুষের জন্য কী কী আছে সে সম্পর্কে তথ্য প্রদান করবে। গভর্নর এছাড়াও আরো দুইটি প্রকল্পের ঘোষণা করেছেন, নায়াগ্রা আর্টস অ্যান্ড কালচারাল সেন্টার (Niagara Arts and Cultural Center, NACC) অডিটোরিয়ামের সংস্কার এবং ওকউড সেমেটারির (Oakwood Cemetery) ঐতিহাসিক ভবনসমূহের পুনঃস্থাপন, যা ওয়েলকাম সেন্টারের সম্পূরক হবে এবং নায়াগ্রা ফলসে বেড়াতে আসা মানুষের অভিজ্ঞতা উন্নত করার সার্বিক লক্ষ্যকে সমর্থন করবে।

"বিশ্বে নায়াগ্রা ফলসের মতো আর কোনো স্থান নেই, এবং আমাদের স্টেট পার্কসমূহ সর্বদা প্রাকৃতিক সৌন্দর্য এবং ঐতিহাসিক গুরুত্বের মশাল হয়ে আছে, যা এর মনোমুগ্ধকর ল্যান্ডস্কেপ ও আইকনিক জলপ্রপাত দ্বারা বেড়াতে আসা মানুষকে মুগ্ধ করে," **গভর্নর হোকল বলেন।** "আজকে আমরা স্টেটের এই রত্নের উন্নয়ন করার ক্ষেত্রে আমাদের প্রতিশ্রুতিকে উন্মোচন করছি এবং আমাদের স্টেটের প্রাকৃতিক রত্ন দেখার জন্য বিশ্বকে স্বাগত জানাতে আমরা প্রস্তুত আছি। নতুন ভবনটি ইতিমধ্যেই দুর্দান্ত এই পার্কে দারুণ একটি সংযোজন এবং এটি বেড়াতে আসা মানুষকে তাদের পার্কে বেড়ানোর পরিকল্পনা করতে এবং সেই সাথে নায়াগ্রা ফলস সিটি ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কে যে বহু ব্যবসা ও আকর্ষণ আছে সে সম্পর্কে জানতে সাহায্য করবে।"

নায়াগ্রা ফলস স্টেট পার্কের র‍্যালফ সি. উইলসন জুনিয়র ওয়েলকাম সেন্টার

28,000 বর্গফুটের ভিজিটর সেন্টারটিতে রয়েছে কাঁচের দেওয়াল এবং একটি নিচু ছাদ যা জলপ্রপাতের দৃশ্য ও সংযোগ সর্বোচ্চ করে। এতে রয়েছে নতুন টিকেট কাটার ও তথ্য ডেস্ক; নতুন কনসেশনের স্থান; রেস্টরুম এবং সংশ্লিষ্ট সমর্থন স্থান, একটি ছাদের উপরের PV অ্যারে, বিশেষ নখের কাঁচ যা পাখির প্রভাব হ্রাস করবে, সবুজ ছাদের উপাদান এবং একটি পৃথক রেস্টরুম ভবন। উন্নত সাইট সুযোগসুবিধার মধ্যে রয়েছে নতুন অ্যাক্সেসিবল পথ; স্থানীয় উদ্ভিদ; এবং পথ খুঁজে নেওয়ার উপাদান। ফ্যাসিলিটির ঠিক পাশে অবস্থিত বিদ্যমান 7,000 বর্গফুটের আঞ্চলিক প্রশাসনিক ভবনটিকে ভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করার জন্য সেখানে একটি মিশ্র ব্যবহারের কমিউনিটি কক্ষ, আঞ্চলিক আর্কাইভ এবং নায়াগ্রা আঞ্চলিক ইন্টারপ্রেটিভ কর্মীর জন্য অফিস তৈরি করা হয়েছে। কাছের দেওয়াল এবং লো প্রোফাইল নির্মাণকাজ জলপ্রপাতের দৃশ্য সর্বোচ্চ করতে সাহায্য করবে।

পরবর্তী কোনো তারিখে শেষ হতে যাওয়া প্রকল্পটির চূড়ান্ত পর্যায়ে থাকবে একটি নিমজ্জিত অভিজ্ঞতাসহ একটি ইন্টারপ্রেটিভ জাদুঘরের স্থান এবং প্রাকৃতিক, শিল্প কারখানা সংক্রান্ত এবং আদিবাসী আমেরিকান ইতিহাসসহ বৈচিত্র্যময় বিষয়ের উপর আলোকপাত করা প্রদর্শনী, এবং সেই সাথে আউটডোর প্রদর্শনী ও ইন্টারপ্রেটিভ সাইনেজ।

ভবনটির নকশা করেছে বাল্টিমোর GWWO আর্কিটেক্টস (GWWO Architects of Baltimore) এবং এটি নির্মাণ করেছে বাফেলো R.P. ওকহিল বিল্ডিং কোম্পানি (R.P. Oakhill Building Company of Buffalo)। ভবনে আরো কাজ করেছে দ্য লিরো গ্রুপ (The LiRo Group), টাই লিন (Ty Lin), ট্রোব্রিজ উলফ মাইকেলস (Trowbridge Wolf Michaels), একটি ফিশার অ্যাসোসিয়েটস ল্যান্ডস্কেপ আর্কিটেকচার স্টুডিও (Fischer Associates Landscape Architecture Studio) এবং যুক্তরাজ্য (United Kingdom, UK) এবং টরোন্টোর হ্যালি শার্প ডিজাইনের (Haley Sharpe Design) ডিজাইনারদের প্রদর্শনী রয়েছে। র্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন (Ralph C. Wilson Jr. Foundation) এই প্রকল্পে 8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে এবং ফলে তার সম্মানে এর নামকরণ করা হয়েছে। উইলসন ছিলেন বাফেলো বিলসের (Buffalo Bills) মালিক এবং আমেরিকান ফুটবল লীগের (American Football League) সহপ্রতিষ্ঠাতা।

এই প্রকল্পটি নায়াগ্রা ফলস স্টেট পার্ক ল্যান্ডস্কেপের 150 মিলিয়ন মার্কিন ডলারের পুনরুজ্জীবনের পরিপূরক হবে। 2011 সালে শুরু হওয়া নায়াগ্রা ফলস স্টেট পার্ক ল্যান্ডস্কেপ পুনরুজ্জীবন পরিকল্পনাটি (Niagara Falls State Park Landscape Revitalization Plan) হলো এমন উপায়ে পার্কের নবায়ন করার একটি বহু বছরের প্রতিশ্রুতি যা ল্যান্ডস্কেপটির জন্য স্বনামধন্য পার্কের নকশাকার ফ্রেডরিক ল ওমস্টেডের ভিশনের আরো ভালো প্রতিফলন হবে। এই পরিকল্পনায় পার্কের প্রধান দর্শনীয় এলাকা, যার মধ্যে রয়েছে লুনা দ্বীপ, প্রসপেক্ট পয়েন্ট, লোয়ার গ্রোভ, থ্রি সিস্টার্স দ্বীপপুঞ্জ, নর্থ শোরলাইন ট্রেইল, লুনা ব্রিজ, এবং নতুন পথচারী ওয়াকওয়ে সহ টেরাপিন পয়েন্ট, বর্ধিত ল্যান্ডস্কেপিং, নতুন বেঞ্চ, লাইট পোস্ট ও রেলিংসমূহ সংস্কার করা হয়েছে। উইন্ডস প্যাভিলিয়নের ইন্টারেক্টিভ কেভ, যা নায়াগ্রা জলপ্রপাতের প্রাকৃতিক ও সাংস্কৃতিক ইতিহাস তুলে ধরে, 2017 সালে খোলা হয়েছিল। নায়াগ্রা ফলস সিটি থেকে নায়াগ্রা সিনিক পার্কওয়ে (Niagara Scenic Parkway) (পূর্বে রবার্ট মোসেস পার্কওয়ে (Robert Moses Parkway)) অপসারণ এক প্রজন্মে প্রথমবারের মতো শহরকে এর ওয়াটারফ্রন্টের সাথে সংযুক্ত করার মাধ্যমে নায়াগ্রা গর্জ (Niagara Gorge) পর্যন্ত অভূতপূর্ব

অ্যাক্সেস প্রদান করে এবং এটি নায়াগ্রা ফলস স্টেট পার্ক নির্মাণের পর থেকে পার্কটির সর্ববৃহৎ সম্প্রসারণ।

নায়াগ্রা ফলস স্টেট পার্ক একটি স্টেটের এবং জাতীয় সম্পদ। 1885 সালে গঠিত এই পার্কটি দেশের সবথেকে পুরোনো স্টেট পার্ক এবং এটি বার্ষিক 9 মিলিয়নের বেশি দর্শককে আকৃষ্ট করে।

স্টেট পার্কসের পক্ষে জাতীয় ঐতিহ্য ট্রাস্ট (Natural Heritage Trust) র্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন অনুদানটির ব্যবস্থাপনা করেছে। জাতীয় ঐতিহ্য ট্রাস্ট একটি অলাভজনক, সরকারি বেনিফিট কর্পোরেশন যার মিশন হলো নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন, সাংস্কৃতিক, ভূমি ও পানি সংরক্ষণ এবং ঐতিহাসিক সংরক্ষণের উদ্দেশ্যে উপহার, অনুদান, এবং সরকারি কর্মসূচিতে অতিরিক্ত অবদান গ্রহণ ও পরিচালনা করা। NHT দান গ্রহণ করে, তহবিল উত্তোলন করে, এবং এর এজেন্সিগুলির সাথে মিলে সমবায়সূচক কর্মসূচি ও প্রকল্পের মাধ্যমে নিজেদের মিশন অর্জন করে, এজেন্সিগুলি হলো: নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস, পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC), এবং স্টেট বিভাগ (Department of State, DOS)। আরো তথ্যের জন্য www.naturalheritagetrust.org ভিজিট করুন।

নায়াগ্রা আর্টস অ্যান্ড কালচারাল সেন্টার

পূর্বের নায়াগ্রা ফলস হাই স্কুলের (Niagara Falls High School) মধ্যে 1201 পাইন অ্যাভিনিউতে অবস্থিত NACC এর অডিটোরিয়ামের 8.5 মিলিয়ন মার্কিন ডলারের সংস্কার কাজ করা হবে। 1,000 আসনের অডিটোরিয়ামটিকে এর মূল ঐতিহাসিক মহিমায় ফেরত নিয়ে যাওয়া হবে এবং একই সাথে থিয়েটারের স্থানটিকে আধুনিক লাইভ প্রোডাকশন আয়োজন করার একটি যথাযথ ভেন্যুতে রূপান্তরিত করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম, প্রযুক্তি, এবং সমর্থন স্থান যোগ করা হবে। থিয়েটারের সাথে সংলগ্ন রেস্টরুমগুলিরও সংস্কার করা হবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) ব্যবস্থাপিত আঞ্চলিক অর্থনৈতিক সম্প্রদায় সহায়তা কর্মসূচির (Regional Economic Community Assistance Program) 4 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দ্বারা প্রকল্পটি সমর্থিত হচ্ছে।

সম্প্রদায়কেন্দ্রিক সাংস্কৃতিক কেন্দ্রটি একটি 501c3 অলাভজনক সংগঠন, যেখানে স্টুডিও এবং কর্মসূচি আয়োজনের যোগ্য স্থানে 100 এর বেশি শিল্পী স্থান পাবে যাদের মধ্যে চিত্রশিল্পী, ভাস্কর, সিরামিক শিল্পী, শিক্ষক, কাঠের কারুকাজ কর্মী, আলোকচিত্রকর, থিয়েটার কোম্পানি, নৃত্য কোম্পানি ইত্যাদি রয়েছে। এটি 180,000 বর্গফুট স্থানে সহযোগিতামূলক অনুশীলন, পেশাদার ক্যারিয়ার, এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সৃজনশীল ইকোসিস্টেমে অবদান রাখতে আগ্রহী শিল্পীদেরকে সমর্থন করবে, স্থানের মধ্যে তিনটি থিয়েটার, দুইটি সরকারি ও অগণিত বেসরকারি গ্যালারি, একটি রেডিও স্টেশন, সরকারি শ্রেণীকক্ষের স্থান, স্টারি নাইট ক্যাফে (Starry Night Café), এবং NACC গিফট শপ রয়েছে। পূর্বের নায়াগ্রা ফলস হাই স্কুল ভবনটি ঐতিহাসিক স্থানের জাতীয় নিবন্ধন তালিকায় (National Register of Historic Places) রয়েছে।

ওকউড সেমেটারি

2.5 মিলিয়ন মার্কিন ডলারের ওকউড সেমেটারি (Oakwood Cemetery) প্রকল্প সেমেটারিতে অবস্থিত একাধিক ঐতিহাসিক ভবনের পুনঃস্থাপন ও মেরামতের কাজ করবে, যা সিভিল ওয়ারের পূর্বে স্থাপন করা হয়েছিল এবং নায়াগ্রা ফলসের সর্ববৃহৎ টিকে থাকা ঐতিহাসিক সংস্থানসমূহের একটি। 763 পোর্টেজ রোডে অবস্থিত 18 একরের সাইটটিতে এখনো এর মূল T.D. জুডাহ নকশাকৃত ল্যান্ডস্কেপ টিকে আছে (যেখানে পাঁচটি ঐতিহাসিক কাঠামো রয়েছে)।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের আঞ্চলিক অর্থনৈতিক সম্প্রদায় সহায়তা কর্মসূচির একটি 2.25 মিলিয়ন মার্কিন ডলার অনুদান দ্বারা এই প্রকল্পটি সমর্থিত হচ্ছে এবং এখানে রয়েছে নতুন ছাদ, কাঠামোগত মেরামত, পাঠের কাজ এবং 1877 সালে নির্মিত চ্যাপেল, 1913 সালে নির্মিত দুর্দান্ত গ্রিন অ্যান্ড উইকস মার্বেল সমাধিস্তম্ভ, এবং 1922 সালে নির্মিত স্টোন অফিসের রংয়ের কাজ। নায়াগ্রা ফলস জাতীয় ঐতিহ্য এলাকার (Niagara Falls National Heritage Area) সাথে মিলিতভাবে ভবিষ্যতের ঐতিহ্য পর্যটন এবং কর্মসূচির জন্য সকল ভবন ব্যবহার করা হবে।

ওকউডে যাদের কবর রয়েছে তাদের মধ্যে আছে একটি ব্যারেলে করে জলপ্রপাত পারি দেওয়া প্রথম ব্যক্তি, অ্যানি এডসন, এবং একটি শিল্প কারখানার শহর হিসেবে এবং একটি বিশ্ববিখ্যাত পর্যটক আকর্ষণ হিসেবে নায়াগ্রা ফলসের বিকাশ ও নির্মাণের সাথে সংশ্লিষ্ট অনেক পরিবারও এখানে শেষনিদ্রায় শায়িত আছে। সেমেটারিতে এছাড়াও রয়েছে সিভিল ওয়ারের ভেটেরানদের জন্য একটি মেমোরিয়াল এবং ওবেলিস্ক, সার্কোফ্যাগি, এবং সুন্দর মূর্তিসহ ফিউনারেল শিল্পের দারুণ সব উদাহরণ। পাশাপাশি, ল্যান্ডস্কেপটি মনোরম এবং বড় উদ্ভিদ ও পাচ্ছে পূর্ণ, যাদের অনেকগুলি সেমেটারির শুরুর সময় থেকে আছে। ওকউড সেমেটারি ঐতিহাসিক স্থানের জাতীয় নিবন্ধন তালিকায় রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন, ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের কমিশনার এরিক কুলেসিড বলেন, "অবশেষে বেড়াতে আসা মানুষকে ভবনে স্বাগত জানাতে পেরে আমরা অতি আনন্দিত। আমরা এটি নিয়ে অনেক গর্বিত এবং আশা করছি যে এটি নায়াগ্রা ফলসে বেড়ানোকে আরো স্মরণীয় করবে। পার্কের বাইরেও যা কিছু আছে সব ঘুরে দেখার জন্য বেড়াতে আসা মানুষকে উৎসাহিত করার এটি একটি সূচনা বিন্দু হবে বলে, এবং আঞ্চলিক পর্যটন অর্থনীতিকে এটি বলীয়ান করবে বলে আমরা আত্মবিশ্বাসী।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "পর্যটনের প্রতি একটি সহযোগিতামূলক পন্থা হলো নায়াগ্রা ফলস সিটিতে অর্থনৈতিক বিকাশের জন্য গভর্নর হোকলের কৌশল। অসাধারণ জলপ্রপাতটি মানুষকে শহরে আকৃষ্ট করে, কিন্তু বেড়ানোর অভিজ্ঞতা উন্নত করা প্রতিটি প্রকল্প পর্যটকদের জন্য বেশি দিন থাকার এবং সার্বিক ব্যবসা জলবায়ুকে বলীয়ান করার জন্য একটি সুযোগ প্রদান করে। পর্যটকরা জলপ্রপাতের পাশে পার্কের নতুন এই ওয়েলকাম সেন্টারে বেড়ানো শুরু করবে, এবং এরপর শহরে গিয়ে সংস্কারকৃত আর্টস সেন্টারে একটি শো উপভোগ করা এবং ঐতিহাসিক সেমেটারি ঘুরে দেখবে, এমনটি দেখার জন্য আমরা উন্মুখ।"

র্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডেভিড এগনার বলেন, "এইসব সামগ্রিক বিনিয়োগ নায়াগ্রা ফলস সিটি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলের জয় একটি রূপান্তরকারী মুহূর্তের সূচনায় অবদান রাখছে। নতুন এবং

পুনঃকল্পিত র্যালফ সি. উইলসন জুনিয়র ওয়েলকাম সেন্টার এবং পার্কের উল্লেখজনক উন্নয়নকাজ থেকে শুরু করে সম্প্রদায়ের প্রিয় সাংস্কৃতিক ও ঐতিহাসিক সম্পদগুলিতে সহযোগিতামূলক বিনিয়োগ পর্যন্ত সবকিছুর প্রভাব অনুভূত হবে যখন বেড়াতে আসা মানুষদের উন্নত অভিজ্ঞতার কারণে তারা আরো দীর্ঘসময় এখানে থাকবে এবং শহর ও অঞ্চলে বেশি খরচ করবে এবং আরো অ্যাক্সেসিবিল আউটডোর বিনোদন এবং একটি সক্রিয় হাঁটার উপযোগী ডাউনটাউন করিডরের সাথে যেই অর্থনৈতিক সুবিধা ও জীবনযাত্রার মান উন্নয়ন হয় তার লাভ বাসিন্দারা উপভোগ করবে।"

স্টেটের সিনেটর রব ওর্ট বলেন, "নতুন ওয়েলকাম সেন্টারের উদ্বোধন এবং নায়াগ্রা ফলস স্টেট পার্ক ও আশেপাশের এলাকায় সংস্থান ও পুনর্গঠনের অব্যাহত নিবেদন দ্বারা আমরা নিশ্চিত করতে পারবো যাতে নায়াগ্রা ফলস ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দা এবং আন্তর্জাতিক ভ্রমণকারীদের জন্য বেড়ানোর একটি দারুণ স্থান হয়েই থাকে। এই উন্নয়নকাজগুলি নায়াগ্রা ফলসকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সকলের জন্য অর্থনৈতিক চালিকাশক্তি করে রাখবে।"

অ্যাসেম্বলি সদস্য এঞ্জেলো মরিনেলো বলেন, "নায়াগ্রা ফলসে গভর্নর হোকলের চলমান সমর্থনের জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। ওয়েলকাম সেন্টারের উদ্বোধন এবং ওকউড ও NACC এর জন্য সমর্থন হলো আমাদের পর্যটন অবকাঠামোর অব্যাহত বিকাশের দিকে দারুণ সব পদক্ষেপ। এখানে প্রতি বছর কয়েক মিলিয়ন মানুষ বেড়াতে আসে এবং তাদের ভ্রমণ যাতে স্মরণীয় হতে থাকে তা নিশ্চিত করতে এইসব বিনিয়োগ সাহায্য করবে।"

নায়াগ্রা ফলসের মেয়র রবার্ট রেস্টাইনো বলেন, "অত্যাধুনিক ওয়েলকাম সেন্টারটির উদ্বোধন দেশের সবথেকে পুরোনো স্টেট পার্কে একটি দুর্দান্ত অভিজ্ঞতা তৈরি করতে নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতিকে অব্যাহত রাখছে। স্থানীয় ও বেড়াতে আসা মানুষ সকলের ব্যবহার ও উপভোগ করার জন্য সিটির সম্পদকে উন্নত করতে আমাদের প্রশাসনের মিশনকে সমর্থন করতে NACC এবং ওকউডের অতিরিক্ত বিনিয়োগগুলি সাহায্য করবে। সেই ভিশনে আমাদের সাথে থাকার জন্য আমরা গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ এবং তার অব্যাহত অংশীদারিত্বের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

নায়াগ্রা ফলস ট্যুরিজম অ্যান্ড কনভেনশন কর্প জন পার্সি বলেন, "নায়াগ্রা ফলস স্টেট পার্কে র্যালফ সি. জুনিয়র উইলসন ওয়েলকাম সেন্টারের বহুল প্রতীক্ষিত উদ্বোধন মিডিয়া ও পর্যটক দৃষ্টিভঙ্গি থেকে আমাদের গন্তব্যের জন্য আরো বেশি বৈশ্বিক মনোযোগ নিয়ে আসবে। ওয়েলকাম সেন্টারের সুযোগসুবিধাসমূহ এবং সেই সাথে নায়াগ্রা আর্টস অ্যান্ড কালচারাল সেন্টার ও ওকউড সেমেটারির উন্নয়নকাজ হলো নায়াগ্রা ফলসের প্রাকৃতিক বিস্ময়ের নিখুঁত সম্পূরক। স্থানীয় এবং সারা বিশ্ব থেকে বেড়াতে আসা সকলকে নায়াগ্রা ফলস USA এর সকল কিছুর অভিজ্ঞতা গ্রহণে করতে স্বাগত জানানোর জন্য আমরা উন্মুখ।"

নায়াগ্রা আর্টস অ্যান্ড কালচারাল সেন্টারের নির্বাহী পরিচালক কেভিন লিয়েরি বলেন, "নায়াগ্রা আর্টস অ্যান্ড কালচারাল সেন্টার স্থাপিত হওয়ার পর থেকে, আমাদের ঐতিহাসিক থিয়েটারের পুনঃস্থাপন করা একটি আকাঙ্ক্ষা হয়ে আছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের উদার বিনিয়োগ, এবং সেই সাথে আঞ্চলিক পুনরুজ্জীবন অংশীদারিত্বের বিনিয়োগ NACC কে আমাদের ডেভেলপমেন্টের এই অবিচ্ছেদ্য অংশকে বাস্তবায়ন করার সুযোগ প্রদান করে।

ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দা ও বেড়াতে আসা মানুষকে মানসম্পন্ন, পেশাদার পারফর্মিং আর্টস অভিজ্ঞতা প্রদান করার এবং পাইন অ্যাভিনিউ ব্যবসা করিডোরে পুনরুজ্জীবন প্রয়াসের নেতৃত্বদানে আমাদের ক্ষমতা বৃদ্ধি করার এই সুযোগের জন্য আমরা কৃতজ্ঞ।"

ওকউড পরিচালনা পর্ষদের প্রেসিডেন্ট জুডি গ্লেজার বলেন, "ওকউড সেমেটারি নিউ ইয়র্ক স্টেটে এই উদার তহবিল পেয়ে অত্যন্ত কৃতজ্ঞ হয়েছে। বহু প্রতিবেশী ও বন্ধুর, এবং সেই সাথে ভেটেরান, শহরের প্রতিষ্ঠাতা, অকুতোভয় ব্যক্তি ও অন্যান্যদের অভিভাবক হিসেবে, আমাদের ভূমিতে অবস্থিত এই ঐতিহাসিক ও সুন্দর ভবনসমূহের পুনঃস্থাপন ও নতুন সাজসজ্জা করতে পারা দারুণ একটি ব্যাপার। ওকউড এবং এখানে শেষনিদ্রায় শায়িত সকলের কল্যাণে তহবিল নিশ্চিত করার এই প্রয়াসের নেতৃত্বদানের জন্য আমরা গভর্নর হোকল এবং নায়াগ্রা ফলস হেরিটেজ এরিয়াকে ধন্যবাদ দিয়ে শেষ করতে পারবো না।"

আঞ্চলিক পুনরুজ্জীবন অংশীদারিত্ব

রিজিওনাল রিভাইটালাইজেশন পার্টনারশিপ (Regional Revitalization Partnership, RRP) একটি 300 মিলিয়ন মার্কিন ডলারের বিস্তৃত অর্থনৈতিক উন্নয়ন কৌশল এবং পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ যা বাফেলোর পূর্ব সাইড, নায়াগ্রা ফলস ও রচেস্টারের জন্য বাড়তি বিনিয়োগের প্রভাব বৃদ্ধি করে এবং লাভ করে। এই কমিউনিটি-পরিচালিত সহযোগিতামূলক কৌশলটি অর্থনৈতিক উন্নয়নের জন্য একটি সামগ্রিক, বিস্তৃত পদ্ধতি গ্রহণ করে এবং একাধিক পদ্ধতির মাধ্যমে কমিউনিটির সম্পদ তৈরি করার জন্য ডিজাইন করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেট, গভর্নর ক্যাথি হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সহযোগিতামূলক কাজ দ্বারা RRP নির্মিত হয়েছে এবং এটি র্যালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন, ফারাশ ফাউন্ডেশন, ESL, কীব্যাংক/ফার্স্ট নায়াগ্রা ফাউন্ডেশন, M&T ব্যাংক এবং বাফেলো, নায়াগ্রা ফলস, এবং রচেস্টার সিটিসমূহের অংশীদারদের দ্বারা সমর্থিত হয়েছে।

পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের নিউ ইয়র্ক স্টেট অফিস

নিউ ইয়র্ক স্টেট পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস 250 এর বেশি একক পার্ক, ঐতিহাসিক সাইট, বিনোদন ট্রেইল, এবং নৌকা চলাচল দেখাশোনা করে, যেসব স্থানে 2022 সালে 79.5 মিলিয়ন মানুষ বেড়াতে এসেছে। এর মধ্যে যেকোনো বিনোদন এলাকা সম্পর্কে আরো তথ্যের জন্য, parks.ny.gov ভিজিট করুন, বিনামূল্যে NY স্টেট পার্কস এক্সপ্লোরার মোবাইল অ্যাপটি ডাউনলোড করুন বা 518.474.0456 নম্বরে ফোন করুন। 2024 সালজুড়ে আমাদের শতবর্ষ উদযাপনে আমাদের সাথে যোগ দিন এবং ফেসবুক, ইনস্টাগ্রাম, এবং টুইটার, এবং OPRHP ব্লগের মাধ্যমে আমাদের সাথে যুক্ত হন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন